

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৩৬

আগরতলা, ১৫ নভেম্বর, ২০২৪

রাসপূর্ণিমা উপলক্ষে ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনীর উদ্বোধন

ব্রহ্মকুন্ড মেলা রাজ্যের এক ঐতিহ্যবাহী মেলা : শিল্প ও বাণিজ্য র‍াষ্ট্ৰমন্ত্রী

রাসপূর্ণিমা উপলক্ষে তিনদিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনী-২০২৪ আজ শুরু হয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, মোহনপুর মহকুমা প্রশাসন এবং ব্রহ্মকুন্ড মেলা কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত এই মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিল্প ও বাণিজ্য দপ্তরের র‍াষ্ট্ৰমন্ত্রী বৃষকেতু দেববর্মা।

উদ্বোধনী অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য র‍াষ্ট্ৰমন্ত্রী বৃষকেতু দেববর্মা বলেন, আজ আমরা এখানে ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনী উপলক্ষে এক আনন্দ উৎসবে মিলিত হয়েছি। এটা আমাদের সকলের জন্য খুবই উৎসাহ ও আনন্দের বিষয়। প্রতিবছরে দুবার আমরা এই আনন্দ উৎসবে মিলিত হই। রাসপূর্ণিমা ও অশোকাষ্টমী এই দুই তিথিতে প্রতিবছর এই উৎসব আয়োজিত হয়। আজ রাসপূর্ণিমাতে আয়োজিত এই ব্রহ্মকুন্ড মেলার তাৎপর্য ব্যাখ্যা করে তিনি বলেন, এই মেলা রাজ্যের এক ঐতিহ্যবাহী মেলা। ব্রহ্মকুন্ড এলাকার উন্নয়নের জন্য পর্যটন নিগম থেকে ১৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই অর্থব্যয়ে এলাকাটিকে একটি সুদৃশ্য পর্যটন কেন্দ্রে পরিণত করা হবে। এই এলাকার রাস্তার পরিসর বাড়ানো হবে। তিনি বলেন, এই এলাকার উন্নয়নে শুধু অর্থ বরাদ্দ হলেই হবে না। এই অর্থ সঠিক ভাবে ব্যয় করে এলাকার উন্নয়নে এলাকাবাসীর সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে ঐতিহ্যবাহী ব্রহ্মকুন্ড মেলার তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন এডিসির কার্যনির্বাহী সদস্য এবং মেলা ও প্রদর্শনীর উদ্বোধক রবীন্দ্র দেববর্মা। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহসভাপতি বিশ্বজিৎ শীল, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, ত্রিপুরা চা উন্নয়ন লিমিটেডের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ, সমাজসেবী বিনোদ দেববর্মা ও সমাজসেবী যোগেন্দ্র দেববর্মা এবং পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা মেঘা জৈন। স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমা শাসক সুভাষ দত্ত। উল্লেখ্য, অনুষ্ঠানের শুরুতে স্বাধীনতা সংগ্রামী বিরসা মুন্ডার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে অতিথিগণ শ্রদ্ধা জ্ঞাপন করেন। ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনী উপলক্ষে তিন দিনব্যাপী আয়োজিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।
